

প্রতিযোগিতা

Tournaments

2.1 Tournaments: Meaning and definition and types of tournaments (Knock-out, League, Combination, Challenge) (প্রতিযোগিতার অর্থ, সংজ্ঞা এবং শ্রেণিবিভাগ (নক-আউট, লীগ, কম্বিনেশন, চ্যালেঞ্জ))

★ **প্রতিযোগিতা (Tournaments):** প্রতিযোগিতা বা টুর্নামেন্ট হল— ব্যক্তিগত অথবা দলগত নির্দিষ্ট একটি ক্রীড়া প্রতিযোগিতা। একটি সুস্পষ্ট ক্রীড়াসূচীর মাধ্যমে সেই নির্দিষ্ট খেলার সকল নিয়মকানুন অনুসারে (পরিচালকের দ্বারা) ব্যক্তিগত অথবা একটি দলকে জয়ী বলে ধরা হয় বা একটি নির্দিষ্ট ক্রীড়াসূচী অনুযায়ী প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে একজন ব্যক্তি বা একটি দলকে বিজয়ী বলে সিদ্ধান্ত নেওয়া।

★ **প্রতিযোগিতার অর্থ (Meaning of Tournaments):** Tournament এর মানে বা অর্থ বলতে বোঝায়, যখন কোন একটি প্রতিষ্ঠানের মাধ্যমে বছরের নির্দিষ্ট দিনে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত ক্রীড়াসূচী ও নির্দিষ্ট Player-এর দ্বারা এক বা একাধিক দের মধ্যে একটি প্রতিযোগিতামূলক কর্মসূচী অনুষ্ঠিত হয় এবং যাদের মধ্যে কিছু লক্ষ্য ও উদ্দেশ্য থাকে এবং তাতে নির্দিষ্ট স্থান বিচারের প্রস্তুত থাকে (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, রানার্স, উইনার্স)। সেইরূপ এক ক্রীড়ামূলক অনুষ্ঠানকে আমরা Tournament বা প্রতিযোগিতা বলি।

★ **প্রতিযোগিতার সংজ্ঞা (Definition of Tournaments):** যে সুশৃঙ্খল ধারাবাহিক ক্রীড়া প্রতিযোগিতায় কিছু ব্যক্তি বা দলের মধ্যে একটি নির্দিষ্ট কোন ক্রীড়ায় নির্দিষ্ট ক্রীড়াসূচী ও নির্দিষ্ট ক্রীড়া পদ্ধতি অনুযায়ী প্রতিদ্বন্দ্বিতার মধ্য দিয়ে কোন ব্যক্তি বা দলকে বিজয়ী নির্ধারণ করা হয় তাকে টুর্নামেন্ট বা প্রতিযোগিতা বলে। টুর্নামেন্টের আভিধানিক অর্থ হল ধারাবাহিক প্রতিযোগিতার মধ্য দিয়ে বিজয়ী নির্ধারণ। অথবা

A Tournament is a competition held among various teams in a particular activity according to a fixed schedule where a winner is decided.

★ **প্রতিযোগিতার শ্রেণিবিভাগ (Types of Tournaments):** প্রতিযোগিতাকে প্রধান চারটি ভাগে ভাগ করা হয়। যথা—


- ① নক-আউট বা এলিমিনেশন টুর্নামেন্ট
- ② লিগ বা রাউন্ড রোবিন টুর্নামেন্ট
- ③ কম্বিনেশন টুর্নামেন্ট
- ④ চ্যালেঞ্জ টুর্নামেন্ট।

10.1

টুর্নামেন্ট : অর্থ, সংজ্ঞা এবং টুর্নামেন্টের প্রকারভেদ (নক্স-আউট, লিগ, কম্বিনেশন, চ্যালেঞ্জ) [Tournament : Meaning, Definition, Types (Knock-out, League, Combination, Challenge)]

‘টুর্নামেন্ট’ কথাটির সঙ্গে তোমাদের কমবেশি পরিচয় আছে। বিভিন্ন খেলাধুলার প্রতিযোগিতার সঙ্গে এটি সম্পর্কযুক্ত। ‘টুর্নামেন্ট’ বা ক্রীড়া প্রতিযোগিতার আভিধানিক অর্থ হল বিভিন্ন দলের মধ্যে দীর্ঘ সময় ধরে অনেকগুলি স্তরে সংঘটিত প্রতিযোগিতা। পূর্ব পরিকল্পিত সময়সূচি অনুসারে বিভিন্ন দলের মধ্যে কোনো নির্দিষ্ট কার্যক্রমের (খেলাধুলা বা ক্রীড়া) প্রতিযোগিতার মাধ্যমে বিজয়ী দল বাছাই করার প্রক্রিয়াকেই বলে টুর্নামেন্ট বা প্রতিযোগিতা।

টুর্নামেন্ট বা ক্রীড়া প্রতিযোগিতা সাধারণত চার প্রকার : ① নক্স-আউট বা এলিমিনেশন টুর্নামেন্ট (Knock-out or Elimination tournament), ② লিগ বা রাউন্ড রোবিন লিগ টুর্নামেন্ট (League or Round-Robin League tournament), ③ কম্বিনেশন বা মিশ্র টুর্নামেন্ট (Combination or Mixed tournament), ④ চ্যালেঞ্জ টুর্নামেন্ট (Challenge tournament)।



নীচে পাঠ্যসূচি অনুসারে বিভিন্ন টুর্নামেন্ট সম্পর্কে আলোচনা করা হল।